

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং-৩২.০১.০০০০.০০৮.০২.২২৭.২৫- ২০৫৪

তারিখ: ২৫/১২/২০২৫

বিষয়: মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'ভালনারেবল উইমেন বেনিফিট' (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ২০২৫-২৬ অর্থবছরের বাজেট হতে জানুয়ারি/২০২৬ হতে জুন/২০২৬ পর্যন্ত ০৬(ছয়) মাসের খাদ্য ও সংশ্লিষ্ট খাদ্যের পরিবহন ব্যয় বরাদ্দ আদেশ প্রেরণ।

সূত্র: ১। মশিবিম এর স্মারক নং-৩২.০০.০০০০.০২৩.১৪.০০১৯.২৫.৪৪৭ তারিখ: ১১/১২/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বিশেষ কার্যক্রম এর আওতায় মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'ভালনারেবল উইমেন বেনিফিট' (ভিডব্লিউবি) কার্যক্রমের জুলাই/২০২৫ হতে জুন/২০২৬ পর্যন্ত চক্রের উপকারভোগীদের অনুকূলে জানুয়ারি/২০২৬ হতে জুন/২০২৬ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য ২০২৫-২৬ অর্থবছরে বরাদ্দকৃত কোড ১২০০০১৯০২-৩২-৩৭২২১০১ ত্রাণকার্য (চাল) খাত হতে খাদ্য (চাল) এবং পরিবহন ব্যয় কোড ১২০০০১৯০২-৩২-৩২১১০৬ হতে খাদ্যের পরিবহন ব্যয়ের বরাদ্দ আদেশ সংশ্লিষ্ট জেলাধীন উপজেলায় নিম্নবর্ণিত ছক ও শর্তাবলী অনুযায়ী জারী করা হলো।

জেলার নাম	উপজেলার নাম	ইউপি সংখ্যা	উপজেলায় কার্ড সংখ্যা	৩০ কেজি হারে ০৬ (ছয়) মাসের খাদ্য (মে: টন হিসাবে)	৬ (ছয়) মাসের পরিবহন ব্যয় (টাকায়)
ময়মনসিংহ	ভালুকা	১১	২,৬১২	৪৭০.১৬	৩৫২৬২০.০০
	ধোবাউড়া	৭	৩,৪০৭	৬১৩.২৬	৪৫৯৯৪৫.০০
	ফুলবাড়ীয়া	১৩	২,৯৮৭	৫৩৭.৬৬	৪০৩২৪৫.০০
	গফরগাঁও	১৫	২,৫০২	৪৫০.৩৬	-
	গৌরীপুর	১০	৩,০২৬	৫৪৪.৬৮	৪০৮৫১০.০০
	হালুয়াঘাট	১২	২,৭৬৫	৪৯৭.৭০	৩৭৩২৭৫.০০
	ঈশ্বরগঞ্জ	১১	২,৯৩৮	৫২৮.৮৪	৩৯৬৬৩০.০০
	মুক্তাগাছা	১০	২,৯০৮	৫২৩.৪৪	৩৯২৫৮০.০০
	সদর	১১	২,৪০৬	৪৩৩.০৮	-
	নান্দাইল	১৩	২,৯৪০	৫২৯.২০	৩৯৬৯০০.০০
	ফুলপুর	১০	১,৮৮১	৩৩৮.৫৮	-
	তারাকান্দা	১০	১,৮৮১	৩৩৮.৫৮	-
ত্রিশাল	১২	২,৮২৪	৫০৮.৩২	৩৮১২৪০.০০	

অনুসরণীয় শর্তাবলী:

- এ বরাদ্দ আদেশের মেয়াদকাল ২০২৫-২০২৬ অর্থবছরের জুন/২০২৬ পর্যন্ত।
- জুলাই/২০২৫ হতে জুন/২০২৬ পর্যন্ত চক্রের নির্বাচিত প্রত্যেক ভিডব্লিউবি মহিলাকে ৩০ কেজি প্যাকেটজাত খাদ্য (চাল) মাসভিত্তিক বিতরণ নিশ্চিত করতে হবে।
- প্রত্যেক মাসের বরাদ্দকৃত খাদ্য উক্ত মাসের মধ্যে উত্তোলন ও বিতরণ করতে হবে এবং বিতরণকৃত খাদ্যের রিপোর্ট পরবর্তী মাসের ১৫ (পনেরো) তারিখের মধ্যে ভিডব্লিউবি শাখা, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকায় প্রেরণ করতে হবে। বরাদ্দকৃত খাদ্য (চাল) ব্যয়ের গণ্যযোগ্য হিসাব ভবিষ্যৎ নিরীক্ষার জন্য সংরক্ষণ করতে হবে।
- যে সকল উপজেলায় রাইস ফর্টিফিকেশন কার্যক্রম চালু রয়েছে সে সকল উপজেলায় কার্গেল সরবরাহ নিশ্চিত থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট চুক্তিবদ্ধ রাইস মিলারের অনুকূলে ভিডব্লিউবি খাদ্যের ভিও জারী করতে হবে।
- পুষ্টিচাল কার্যক্রমভূক্ত কোন উপজেলায় কার্গেল স্বল্পতা কিংবা অন্য কোন বিশেষ কারণে সাধারণ চাল প্রদান করা হলে উক্ত উপজেলায় সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান এর অনুকূলে পরিবহন ব্যয় বরাদ্দ প্রদানের নিমিত্ত সদর কার্যালয়ে মাসের নাম উল্লেখস্বরূপক পরবর্তী মাসের মধ্যে পত্র মারফত অবহিত করতে হবে।

২

৬. পরিবহন ব্যয়ের যথাযথ হিসাব ভবিষ্যৎ নিরীক্ষার জন্য সংরক্ষণ করতে হবে এবং আগামী ১৫ জুলাই/২০২৬ এর মধ্যে ২০২৫-২০২৬ অর্থবছরের পরিবহন ব্যয়ের প্রকৃত হিসাব জেলা/উপজেলার হিসাবরক্ষণ কর্মকর্তার প্রত্যয়নসহ সদর কার্যালয়, ভিডর্রিউবি শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।
৭. সমতল এলাকায় দূরত্বের বিবরণ অনুযায়ী প্রতি মে: টন চালের জন্য ০১-১০ কি:মি: পর্যন্ত ৬০০/- টাকা, ১১-২০ কি:মি: পর্যন্ত ৭০০/- টাকা এবং ২১ কি: মি: ও তদুর্ধ্ব ৭৫০/- টাকা;
  - হাওড় এলাকায় দূরত্বের বিবরণ অনুযায়ী প্রতি মে: টন চালের জন্য ০১-১০ কি:মি: পর্যন্ত ৭৫০/- টাকা, ১১-২০ কি:মি: পর্যন্ত ৮৫০/- টাকা এবং ২১ কি: মি: ও তদুর্ধ্ব ৯৫০/- টাকা;
  - পাহাড়ী এলাকায় দূরত্বের বিবরণ অনুযায়ী প্রতি মে: টন চালের জন্য ০১-১০ কি:মি: পর্যন্ত ৮৫০/- টাকা, ১১-২০ কি:মি: পর্যন্ত ৯০০/- টাকা এবং ২১ কি: মি: ও তদুর্ধ্ব ১০০০/- টাকা হারে পরিবহন ব্যয় হিসাবে নির্বাহ করতে হবে।
৮. পরিবহন ব্যয় প্রদানের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী ভ্যাট এবং আয়কর কর্তন করতে হবে।
৯. পরিবহন ব্যয় নির্ধারণের ক্ষেত্রে এ সংক্রান্ত যাবতীয় বিধি-বিধান প্রতিপালন করতে হবে।
১০. অর্থ ব্যয়ের ক্ষেত্রে নিয়মের কোন ব্যত্যয় হলে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবেন।
১১. ৩০ জুন, ২০২৬ তারিখের মধ্যে অব্যয়িত অর্থ বিধি মোতাবেক সরকারি কোম্পাগারে সমর্পণ করতে হবে।
১২. খাদ্য পরিবহন ব্যয়ের ibas++ কোড নম্বর: ১৩০০১০১-১২০০০১৯০২০০০০০০-১১০০১০০০-৩২২১১০৬-৪

উপজেলা নির্বাহী অফিসার

উপজেলা: ..... জেলা: .....

  
 ২৪/৬/২০২৫  
 (নাজমা হোসেন)  
 পরিচালক (যুগ্মসচিব)  
 মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।  
 ☎ ০২-৫৮৩১০৬২৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
৫. জেলা প্রশাসক, জেলা, .....
৬. বিভাগীয় খাদ্য নিয়ন্ত্রক, .....
৭. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৮. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জেলা, .....
৯. জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা, .....
১০. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জেলা, .....
১১. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, উপজেলা, ..... জেলা, .....
১২. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা, ..... জেলা, .....
১৩. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা, ..... জেলা, .....
১৪. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ওয়েবসাইট, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১৫. অফিস কপি।